



Sub: Bengali Text Work Sheet-3

Class: 8

Date: 06.02.2021

বিষয় : রামচন্দ্রের বিলাপ

সঠিক উত্তরটি নির্বাচন কর :-

- ১। 'কমল-কানন' কোথায় আছে?
(ক) গঙ্গা তীরে (খ) গোদাবরী তীরে
(গ) কৃষ্ণা নদী তীরে (ঘ) কাবেরী নদী তীরে
- ২। 'চন্দ্রকলা ভ্রমে _____ করিল কি গ্রাস।।' - শূন্যস্থানে বসবে —
(ক) রাহু (খ) কেতু
(গ) সমুদ্র (ঘ) রাবণ
- ৩। 'রাজ্যচ্যুত' শব্দের অর্থ হল —
(ক) রাজ্যলাভ (খ) রাজ্য হারা / রাজহীন
(গ) রাজ্যবাসী (ঘ) রাজ্য অধিকার
- ৪। কে সীতাকে হরণ করলেন?
(ক) রাবণ (খ) বীরবাহু
(গ) শূর্পনখা (ঘ) পৃথিবী
- ৫। 'রাজহীন যদ্যপি হয়েছি আমি বটে।' — 'আমি' বলতে বোঝায়?
(ক) দশরথ (খ) ভারত
(গ) রামচন্দ্র (ঘ) লক্ষ্মণ
- ৬। 'যদ্যপি' শব্দের অর্থ হল —
(ক) যখন থেকে (খ) যদিও
(গ) যেখানে (ঘ) যেদিক
- ৭। 'জলধর' শব্দের অর্থ হল —
(ক) জলজ প্রাণী (খ) মেঘ
(গ) জলের পোকা (ঘ) জলীয়
- ৮। 'লুকাইল তেমন _____ বনান্তরে।' - শূন্যস্থানে বসবে —
(ক) সীতা (খ) কমলমুখী
(গ) জানকী (ঘ) সতী
- ৯। 'কনকলতা' শব্দের অর্থ হল —
(ক) চাঁপালতা (খ) স্বর্ণলতা
(গ) বিদ্যুৎ (ঘ) কঙ্কীফুল
- ১০। '_____ যেমন লুকায় জলধরে।' - শূন্যস্থানে বসবে —
(ক) সৌদামিনী (খ) বিদ্যুৎ
(গ) সীতা (ঘ) রাহু

- ১১। 'নিশাকর' শব্দের অর্থ হল —
(ক) রাতের প্রহরী (খ) চাঁদ
(গ) সূর্য (ঘ) তারা
- ১২। 'তম' শব্দের অর্থ হল —
(ক) অন্ধকার (খ) নিশি
(গ) জোনাকি (ঘ) সমস্যা
- ১৩। 'এক সীতা _____ সকলি অন্ধকার।' - শূন্যস্থানে বসবে —
(ক) ছাড়া (খ) বিহনে
(গ) ব্যতীত (ঘ) অদর্শনে
- ১৪। 'অদর্শনে' শব্দের অর্থ হল —
(ক) অদেখা (খ) অদৃশ্য
(গ) না দেখে (ঘ) চোখে দেখার অযোগ্য
- ১৫। 'সীতা বিনা আমি যেন মণিহারা ফণী।' — 'মণিহারা ফণী' কে?
(ক) রাজা (খ) রামচন্দ্র
(গ) রাবণ (ঘ) পৃথিবী

Amit Kundu
